BENGALI

NHS

Cancer Screening Programmes

CERVICAL SCREENING

What your abnormal result means

সার্ভাইকাল স্ক্রীনিং (গর্ভাশয়ের মুখের সঙ্কীর্ণ অংশ পরীক্ষা করে দেখা)

আপনার পরীক্ষার ফল অস্বাভাবিক হওয়ার মানে কি

আপনার সার্ভাইকাল স্ক্রীনিং পরীক্ষার ফল স্বাভাবিক নয়

কোন সমস্যার সৃষ্টি হওয়ার আগেই সামান্য পরিবর্তনগুলি শনাক্ত করার জন্য সার্ভিকাল স্ক্রীনিং করা হয়, এবং আপনার ক্ষেত্রে, এই পরীক্ষাটি আপনার জন্য তাই করেছে।

অস্বাভাবিক ফল যে সচরাচর দেখা যায় না তা নয়: 20 জনের মধ্যে 1 জন মহিলার পরীক্ষার ফলাফলে কিছু অস্বাভাবিকতা দেখা যায়।

এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে স্ক্রীনিংয়ের সময় পাওয়া কোন অস্বাভাবিকতাকে খুব কমই ক্যান্সার হতে দেখা যায়। প্রায় সব অস্বাভাবিক ফলগুলিতেই, জীবকোষের সামান্য পরিবর্তন ছাড়া আর বেশী কিছু পাওয়া যায় না। এগুলি আগে থেকে সাবধান করে দেয় যে, পরবর্তী সময়ে, সার্ভিকাল ক্যান্সারের সৃষ্টি হতে পারে।

আমার পরীক্ষার এই ফলের মানে কি?

একটা অস্বাভাবিক ফলের মানে সাধারণতঃ এই যে সারভিক্সের (গর্ভাশয়ের মুখের সঙ্কীর্ণ অংশের) জীবকোষগুলিতে সামান্য পরিবর্তন দেখা গেছে। এই পরিবর্তনগুলির নাম দেওয়া হয়েছে **ডিসক্যারিওসিস্ (dyskaryosis)**।

অনেক ক্ষেত্রেই, এই পরিবর্তনগুলি নিজে থেকেই স্বাভাবিক হয়ে যায়। কিন্তু কোন কোন সময়, এই পরিবর্তনগুলি আরও খারাপের দিকে যায় এবং ভবিষ্যতে ক্যান্সারে পরিণত হতে পারে। এইসব ক্ষেত্রে, আরও পরীক্ষা করার প্রয়োজন হবে এবং তাতে জানা যাবে যে চিকিৎসা করার দরকার আছে কিনা। এই চিকিৎসা সহজ এবং শতকরা প্রায় 100 ভাগই কার্যকরী হয়।

সৌভাগ্যবশতঃ, সাধারণতঃ সারভিক্সের ক্যান্সার হয়ে দাঁড়াতে বহু বছর সময় লাগে। কাজেই এটা খুব কমই দেখা যায়, বিশেষ করে যেসব মহিলারা নিয়মিতভাবে সারভাইকাল স্ক্রীনিং করান, তাদের ক্ষেত্রে খুব কমই হয় যে, অস্বাভাবিক ফল দেখে জানতে পারা যায় যে ইতিমধ্যেই এটা ক্যান্সারে দাঁড়িয়ে গেছে।

পরীক্ষার এই অস্বাভাবিক ফল কি কারণে হয়?

সারভিক্সের জীবকোষগুলির পরিবর্তনগুলির সাথে, অনেক সময়ই হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের (HPV) সম্পর্ক থাকে এবং এই ভাইরাসটি যৌন সংসর্গের মাধ্যমে সংক্রামিত হয়। এই ভাইরাসের 100টিরও বেশী ধরন আছে এবং সারভাইকাল ক্যান্সারের প্রায় সব ক্ষেত্রেই, এই ভাইরাসের কয়েকটি নির্দিষ্ট ধরনের সাথে যোগ রয়েছে। বেশীরভাগ মহিলাদেরই জীবনের কোন এক সময়ে, হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের সংক্রমণ হয়েছে, কিন্তু বেশীরভাগ ক্ষেত্রেই, এই সংক্রমণ বিনা চিকিৎসায় সেরে যায়। এমনকি ‘বেশী ঝুঁকিগ্রস্ত’ হিউম্যান প্যাপিলোমা ভাইরাস যাদের রয়েছে, সেইসব মহিলাদেরও খুবই কদাচিৎ সারভাইকাল ক্যান্সার হয়।

অনেক সময়ই, হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের কোন লক্ষণ থাকে না। কাজেই, এটা সম্ভব যে আপনার বহু বছর ধরে এই ভাইরাস থাকলেও, আপনি তা জানেন না, অথবা একজন সঙ্গীর হয়ত অনেক বছর আগে সংক্রমণ হয়েছিল, কিন্তু তিনিও তা জানতেন না।

এখন কি হবে?

অনেক মহিলাদের ক্ষেত্রে, তাদের অস্বাভাবিক ফল দেখাবে যে **একটু পরিবর্তন হতে শুরু করেছে** অথবা **সামান্য ডিসক্যারিওসিস্** রয়েছে। এগুলি হচ্ছে অল্পসল্প পরিবর্তন, যা প্রায়ই নিজে থেকেই স্বাভাবিক হয়ে যায়।

পরিবর্তিত জীবকোষের এলাকাগুলিকে সার্ভাইকাল ইনট্রাএপিথেলিয়াল নিওপ্লাজিয়া (cervical intraepithelial neoplasia) অথবা **CIN** (সিন) বলা হয়। সামান্য ডিসক্যারিওসিস্ হচ্ছে গ্রেড CIN 1 সংশ্লিষ্ট। এই পরিবর্তনগুলি ক্যান্সার নয়, এবং বেশীরভাগ ক্ষেত্রেই এগুলির থেকে ভবিষ্যতে ক্যান্সার হবে না।

তখন তখনই চিকিৎসা না করে, এই সামান্য পরিবর্তনগুলিকে নিজে থেকে স্বাভাবিক হয়ে ওঠার সুযোগ দেওয়াটা নিরাপদ। আপনার পরীক্ষার ফলে যদি কোন অল্প একটু পরিবর্তন বা সামান্য ডিসক্যারিওসিস্ দেখা যায়, তাহলে অনেক সময়ই আপনার ডাক্তার আপনাকে ছয় মাস বাদে আবার একটা স্ক্রীনিংয়ের পরীক্ষা করানোর জন্য ফিরে আসতে বলবেন, কিন্তু আপনাকে কল্পোস্কপি (নিচে দেখুন) করার জন্য পাঠানো হতে পারে।

এই দ্বিতীয় পরীক্ষাটি যদি স্বাভাবিক হয়, তাহলে ছয় মাস অন্তর অন্তর আপনাকে আরও দু'টি পরীক্ষা করাতে বলা হবে, যাতে নিশ্চিত করা যায় যে জীবকোষগুলি তখনও সুস্থ রয়েছে। এগুলি সুস্থ থাকলে, আপনি আগের মত নিয়মিত স্ক্রীনিং করার আমন্ত্রণের ব্যবস্থায় ফিরে যাবেন।

এই দ্বিতীয় পরীক্ষায় যদি তখনও একটু পরিবর্তন বা সামান্য ডিসক্যারিওসিস্ লক্ষ্য করা যায়, তাহলে আপনাকে হয়ত আরও একটা পরীক্ষার জন্য ক্লিনিকে পাঠানো হতে পারে - এই পরীক্ষাটিকে কল্পোস্কপি বলা হয়।

কিছু মহিলাদের ক্ষেত্রে, তাদের পরীক্ষার ফলে **মাঝারি বা গুরুতর রকমের ডিসক্যারিওসিস্** দেখা যাবে। এই পরিবর্তিত জীবকোষের এলাকাগুলি হচ্ছে গ্রেড CIN 2 এবং গ্রেড CIN 3 সংশ্লিষ্ট।

CIN 2 এবং CIN 3 গ্রেডের পরিবর্তনেও, আপনার ক্যান্সার হয়ে থাকার সম্ভাবনা কম। তবে, এই পরিবর্তনগুলির নিজে থেকে স্বাভাবিক হয়ে যাওয়ার সম্ভাবনা কম এবং সাধারণতঃ এগুলির জন্য চিকিৎসার দরকার হয়। আপনার চিকিৎসার দরকার আছে কিনা তা নির্ধারণ করার উদ্দেশ্যে, সারভিক্সটি বিশদভাবে পরীক্ষা করে দেখার জন্য, একটা কল্পোস্কপি পরীক্ষা করা হবে। পাছে এগুলি ভবিষ্যতে আরও গুরুতর হয়ে ওঠে, তারজন্য এই পরিবর্তনগুলি এখনই পরীক্ষা করে দেখা গুরুত্বপূর্ণ।

কল্পোস্কপি কি?

এটা হচ্ছে কল্পোস্কপি ক্লিনিকে করা, একটা সহজ পরীক্ষা, যেটার ফলে ডাক্তার সিদ্ধান্ত নিতে পারবেন যে আপনার চিকিৎসার দরকার আছে কিনা।

কল্পোস্কোপ নামে একটা যন্ত্র ব্যবহার করা হয়। এটা হচ্ছে এক ধরনের মাইক্রোস্কোপ (অনুবীক্ষণ যন্ত্র) বা ম্যাগ্নিফাইং গ্লাস (যে কাঁচের মধ্য দিয়ে দেখলে জিনিষকে বড় দেখা যায়), যার ভিতর দিয়ে ডাক্তার আপনার সারভিক্সের পরিবর্তনগুলি আরও কাছের থেকে দেখতে পারবেন। এটা আপনাকে স্পর্শ করে না বা আপনার শরীরের ভিতরে ঢোকানো হয় না। এই পরীক্ষাটা অনেকটাই স্ক্রীনিংয়ের পরীক্ষার মত, কাজেই মহিলারা এটাতে একটু অস্বস্তি বোধ করতে পারেন।

আপনার যদি কল্পোস্কপি দরকার হয়, তাহলে আপনি সারভাইকাল স্ক্রীনিং: দা কল্পোস্কপি এক্সামিনেশন (কল্পোস্কপি পরীক্ষা) নামের প্রচারপত্রটি যাতে পান তা নিশ্চিত করবেন।

চিকিৎসার ব্যাপারে কি হবে?

কল্পোস্কপি করার পরে আপনার যদি চিকিৎসার দরকার হয়, তাহলে সাধারণতঃ আউটপেশেন্ট হিসাবে আপনার চিকিৎসা করা হবে এবং আপনার হাসপাতালে থাকার দরকার হবে না।

এই চিকিৎসা প্রায় শতকরা 100টি ক্ষেত্রেই সফল হয়। পরিবর্তিত জীবকোষের জায়গাটা সারভিক্সের থেকে বাদ দিয়ে দেওয়া হবে।

কি উপায়ে এটা করা হবে তা এক একটা ক্লিনিকে এক এক রকম ভাবে করা হয়। কিন্তু এই প্রণালীটা সহজ এবং শরীরের সেই জায়গাটা অবশ করে এটা করা হবে।

এর পরে আমার আর কি করার দরকার হবে?

আপনার যদি চিকিৎসার দরকার হয়, তাহলে সব অস্বাভাবিক জীবকোষগুলি বাদ দেওয়া হয়েছে কিনা তা দেখার জন্য, আপনাকে এর পরে ছয় মাসের ব্যবধানে, দু'বার স্ক্রীনিং পরীক্ষা করাতে বলা হবে। এই পরীক্ষাগুলির ফল স্বাভাবিক হলে, আপনাকে নয় বছর পর্যন্ত প্রতি বছর পরীক্ষা করানোর উপদেশ দেওয়া হবে। সেই সময়ের মধ্যে যদি আর কোন সমস্যা না হয়, তাহলে আপনি আবার তিন থেকে পাঁচ বছর (আপনার বয়সের ওপর নির্ভর করে) সময়ের ব্যবধানে স্বাভাবিক স্ক্রীনিং করানোর ব্যবস্থায় ফিরে যাবেন।

যৌন সংসর্গের ব্যাপারে কি হবে?

যৌন সংসর্গের ফলে এই অস্বাভাবিকতা আরও খারাপ হয়ে যায় না, এবং আপনার অস্বাভাবিক জীবকোষগুলি আপনার সঙ্গীর দেহে সংক্রামিত হয় না। স্বাভাবিকভাবে যৌন সংসর্গ উপভোগ করবেন। কিন্তু আপনার একটা কার্যকরী গর্ভনিরোধের উপায় ব্যবহার করা উচিত।

আপনার অস্বাভাবিকতার চিকিৎসা শেষ না হওয়া পর্যন্ত, গর্ভধারণ না করা গুরুত্বপূর্ণ, কারণ, গর্ভাবস্থায় উৎপাদিত হর্‌মোনগুলি চিকিৎসায় অসুবিধা ঘটায়।

কল্পোস্কপি আপনার ভবিষ্যৎ উর্বরতার ওপর কোন প্রভাব ফেলবে না। ভবিষ্যতে আপনি গর্ভধারণ করলে তার ওপর এই চিকিৎসার কি প্রভাব পড়বে, সে বিষয়ে কল্পোস্কপিস্ট (যিনি কল্পোস্কপি করবেন) আপনার সাথে আলোচনা করবেন। যেসব গর্ভবতী মহিলাদের চিকিৎসার দরকার, তাদের বাচ্চার জন্ম না হওয়া পর্যন্ত অপেক্ষা করার পরামর্শ দেওয়া হবে।

আরও তথ্য

আপনার অবস্থা সম্বন্ধে আপনার যদি কোন প্রশ্ন থাকে, অথবা আপনার যদি কোনরকম চিন্তা থাকে, তাহলে আপনার জিপিকে টেলিফোন করতে বা তার সাথে এ্যাপয়েন্টমেন্ট (দেখা করার সময় ও তারিখ ঠিক) করতে দ্বিধা করবেন না। তিনি খুশীমনে আপনার সাথে কথা বলবেন।

সংক্ষিপ্তসার

- প্রায় 20 জনের মধ্যে 1 জন মহিলার সারভাইকাল স্ক্রীনিংয়ের ফল অস্বাভাবিক হয়, কাজেই এটা যে একটা বিশেষ ব্যতিক্রম তা নয়

- পরীক্ষার প্রায় সব অস্বাভাবিক ফলাফলে দেখা যায় যে সারভিক্সের জীবকোষগুলিতে সামান্য পরিবর্তন হয়েছে। এই পরিবর্তনগুলি সম্ভবতঃ কোনদিনই ক্যান্সারে পরিণত হবে না, কিন্তু এগুলির ওপর নজর রাখা বুদ্ধিমানের কাজ
- যদি দরকার হয়, তাহলে এর চিকিৎসা করা সহজ এবং শতকরা প্রায় 100টি ক্ষেত্রেই চিকিৎসা কার্যকরী হয়। আউটপেশেন্ট হিসাবে আপনার চিকিৎসা করা হবে। গর্ভাবস্থার ওপর এই চিকিৎসার প্রভাব কি হতে পারে সে বিষয়ে কল্পোস্কপিস্ট আপনার সাথে আলোচনা করবেন
- চিকিৎসা করার কয়েক সপ্তাহ পরেই আপনি যৌন সংসর্গ করতে পারবেন
- স্ক্রীনিংয়ের ফল অস্বাভাবিক হওয়াটা, আপনার বাচ্চা হওয়ার ক্ষমতার ওপর কোন প্রভাব ফেলবে না।

এন্এইচ্এস্ ক্যান্সার, স্ক্রীনিং প্রোগ্রামস্ এবং ক্যান্সার রিসার্চ ইউকের সাথে যৌথভাবে
ডিপার্টমেন্ট অভ্ হেল্থ কতৃক প্রকাশিত

CANCER RESEARCH UK

© Crown Copyright 2006
ডিপার্টমেন্ট অভ্ হেল্থ-এর হয়ে সিওআই কতৃক প্রযোজিত
2006 সালে আধুনিকীকরণ করা হয়েছে

রীতিগতভাবে অনুমতি না নিয়ে অথবা কোন দাম না দিয়ে, ব্যক্তিগত বা প্রতিষ্ঠানের নিজেদের ব্যবহারের জন্য, এই প্রচারপত্রের লিখিত তথ্যের প্রতিলিপি করা যাবে।

এই নামের কাগজটির আরও কপি (প্রতিলিপি) আপনার দরকার হলে, *272943/এ্যাব্নরমাল রেজাল্ট (272943/Abnormal result)* নামটা বলে নিচের ঠিকানায় যোগাযোগ করবেন:
DH Publications Orderline
ই-মেইল: dh@prolog.uk.com
টেলিফোন: 08701 555 455
ফ্যাক্স: 01623 724524
টেক্সট্ফোন: 08700 102870 (সকাল 8টা থেকে সন্ধ্যা 6টা, সোমবার থেকে শুক্রবার)

অনুরোধ করলে, *272943/এ্যাব্নরমাল রেজাল্ট*, ব্রেইল, কানে শোনার উপযোগী এবং বড় হরফের ছাপায়ও পাওয়ার ব্যবস্থা করা যাবে।

www.cancerscreening.nhs.uk